কালের কণ্ঠ

তারিখ ... 01 JUN 2016 ...
পৃষ্ঠা ৭ম কলাম 2

# লালপুরে দুই স্কুল ছাত্রকে অপহরণ মুক্তিপণ দাবি

**নাটোর প্রতিনিধি ▷**

নাটোরের লালপুর থেকে দুই স্কুল ছাত্রকে অপহরণের পর তাদের পরিবারের কাছে ১০ লাখ টাকা মুক্তিপণ দাবি করার অভিযোগ পাওয়া গেছে। ঘটনার পাঁচ দিন পেরিয়ে গেলেও অপহৃত ছাত্রদের উদ্ধার করতে পারেনি পুলিশ। অপহৃত দুই ছাত্র হলো রাব্বি হোসেন ও রাহেল। অপহরণের ঘটনায় থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে।

এ বিষয়ে রাব্বি হোসেনের বাবা মুকুল হোসেন জানান, আব্দুলপুর মোশাররফ হোসেন উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র রাব্বি ও তার মামাতো ভাই করিমপুর উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র রাহেল গত ২৫ মে একসঙ্গে খেলতে গিয়ে নিখোঁজ হয়। পরে মোবাইল ফোনে তাঁদের কাছে ১০ লাখ টাকা মুক্তিপণ দাবি করে 'অপহরণকারীরা'। একপর্যায়ে পরিবারের সদস্যরা বিকাশের মাধ্যমে আট হাজার টাকা পরিশোধ করেন।

লালপুর থানার ওসি আব্দুল হাই তালুকদার বলেন, 'অপহৃতরা যে মোবাইল নম্বর দিয়ে টাকা লেনদেন করেছে সে নম্বরটি আমরা ট্রেস করেছি। কিছুদিন আগে যে দুই ব্যক্তির সঙ্গে তাদের বিরোধ হয়েছিল তাদের ওপরও নজরদারি রাখা হয়েছে। অপহৃতদের উদ্ধার করতে পুলিশ অভিযান চালিয়ে যাচ্ছে।'